গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ই-মেইল- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.০৪.৭০১.১৭- ৭৭৩ তারিখঃ ০৮/০২/২০১৮

বিভাগীয় মামলা নং- ০১/২০১৭ এর চূড়ান্ত আদেশ

যেহেতু জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সি(পরিচিতি নং-৪৯৩২৬), সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠিতে কর্মরত আছেন। তিনি গত ২৮ অক্টোবর ২০১৬ তারিখ হতে ২০ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত দীর্ঘ ২৪ দিন উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদিত ছুটি ব্যতীত বা কোন যুক্তি সংগত কারণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু অভিযুক্ত সিপাই জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সি এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক ছুটি ব্যতিত বা কোন যুক্তিসংগত কারণ ব্যতিত নিজ কর্ম হইতে অনুপস্থিত থেকে নিজ কর্তব্য সম্পাদনে ব্যর্থ হওয়ার অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/২০১৭ রুজু করে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণ করা হয়। তিনি গত ২৩/০৪/২০১৭ তারিখে উক্ত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন এবং তৎপ্রেক্ষিতে গত ১৩/০৭/২০১৭ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানী সন্তোষজনক না হওয়ায় অতিরিক্ত পরিচালক(গোয়েন্দা) জনাব মোঃ নজরুল ইসলাম সিকদারকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৭/১০/২০১৭ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা তার(অভিযুক্ত সিপাই) বিরুদ্ধে বিধি বহির্ভূত বা নিয়মের তোয়াক্কা না করে গত ২৮ অক্টোবর ২০১৬ হতে ২০ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত দীর্ঘ ২৪ দিন অননুমোদিত ছুটিতে থাকা বা কোন যুক্তিসংগত কারণ ব্যতিত অফিসে অনুপস্থিত থাকার বিষয়টি সঠিক মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে আরও উল্লেখ করেছেন যে, অভিযুক্ত সিপাই পরবর্তীতে ১৮৪ দিন দৃশ্যতঃ গুরুতর কোন অসুখে না থেকেও একজন বেসরকারি ক্লিনিকের চিকিৎসককে প্রভাবিত করে উদ্দেশ্যমুলক মেডিকেল সার্টিফিকেট ইস্যু করিয়ে ছুটির আবেদন করে গেছেন মর্মে সন্দেহ হয়। উক্ত তদন্ত প্রতিবেদনের উপর গত ১৪/১২/২০১৭ তারিখে তার উপস্থিতিতে প্রতিবেদন শুনানী অনুষ্ঠিত হয়। তার দৈনন্দিন চলাফেরা অন্যান্য তৎপরতায় অসুস্থতার কোন লক্ষণ নেই; এবং

যেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবানবন্দী, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিধি বহির্ভূত বা নিয়মের তোয়াক্কা না করে অননুমোদিত ছুটিতে থাকা বা কোন যুক্তিসংগত কারণ ব্যতিত অফিসে অনুপস্থিত থাকার অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করা হয় এবং একই অধ্যাদেশের ৪(এ) ধারা অনুযায়ী তাকে কেন চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অথবা উক্ত অধ্যাদেশের অধীনে যথোপযুক্ত অন্য কোন দন্ড প্রদান করা হবে না তা ০৩(তিন) দিনের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য তার (অভিযুক্তের) বরাবর ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। তিনি গত ০৫ জানুয়ারী ২০১৮ তারিখ উক্ত নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তার জবাব সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি। তাছাড়া সহকারী পরিচালক, ঝালকাঠি ২৯/০১/২০১৮ তারিখের প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, সিপাই জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সী গত ২৫/১০/২০১৭ তারিখের পর হতে অদ্য পর্যন্ত অর্থাৎ ২৯/০১/২০১৮ তারিখ পর্যন্ত ঝালকাঠি জেলা কার্যালয়ে যোগদান করেন নাই; এবং

যেহেতু অভিযুক্ত সিপাই জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবানবন্দী, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র ও তার পূর্বের সার্ভিস রেকর্ড পর্যালোচনা ও বিবেচনা করে তাকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সী, সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠিকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিধি বহির্ভূত বা নিয়মের তোয়াক্কা না করে অননুমোদিত ছুটিতে থাকা বা কোন যুক্তিসংগত কারণ ব্যতিত ক্রমাগতভাবে অফিসে অনুপস্থিত থেকে নিজ কর্তব্য সম্পাদনে ব্যর্থ হওয়ার অভিযোগে দোষী সাব্যস্ত করে একই অধ্যাদেশের ৪(এ) ধারা অনুযায়ী সরকারী চাকরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হ'ল।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৮/২/১৮

(মোঃ জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক।
ফোন: ৮৮৭০০১১।

-অপর পৃঃ দ্রঃ-

বিতরণঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা ।
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,-- ।
৮. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠি। আদেশটি যথাযথভাবে প্রতিপালন করতঃ আদেশের কপি অভিযুক্তের বরাবর যথাযথভাবে জারীপূর্বক অভিযুক্তের প্রাপ্তি স্বীকার অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি। ।
১১. মোঃ তোজাম্মেল হোসেন মুন্সি, সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠি।
১২. অফিস কপি/ ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।